



বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান

জিরানী, আশুলিয়া, সাভার, ঢাকা

www.bksp.gov.bd

নং-৩৪.০৪.০২০০.০০৪.০০.৪০৭.১৭-৪৮

তারিখ: ১৭ ফাল্গুন ১৪২৮।

০২ মার্চ ২০২২।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার
জামালপুর।

বিষয়: - তৃণমূল পর্যায়ে প্রতিভাবান খেলোয়াড় বাছাই-এ সহায়তা প্রদান।

জনাব,

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ ক্রীড়া শিক্ষা প্রতিষ্ঠান (বিকেএসপি) দেশের ক্রীড়ার মান উন্নয়নের লক্ষ্যে তৃণমূল পর্যায়ে ক্রীড়া প্রতিভা অন্বেষণের নিমিত্তে প্রতিভাবান খেলোয়াড় বাছাই কার্যক্রম শুরু করতে যাচ্ছে। বুনয়াদী প্রশিক্ষণ শেষে প্রকৃত মেধাসম্পন্ন ক্রীড়াবিদদের দীর্ঘমেয়াদী প্রশিক্ষণের জন্য বিকেএসপিতে ভর্তির সুযোগ দেয়া হবে। নির্ধারিত জেলা ক্রীড়া সংস্থার স্টেডিয়ামে / বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে নিম্নে বর্ণিত তারিখে আর্চারী, এ্যাথলেটিক্স, ব্যাডমিন্টন, বক্সিং, ক্রিকেট, ফুটবল, জিমন্যাস্টিক্স, হকি, জুডো, ক্যাতাডে, শ্যুটিং, সাঁতার, উত্ত, ভায়কোয়ানডো, টেবিল টেনিস, টেনিস, ভলিবল, কাবাডি ও স্কোয়াশ ক্রীড়া সমূহে ৮ হতে ১৪ বৎসরের ছেলে মেয়েদের প্রশিক্ষণের জন্য বাছাই / নির্বাচন করা হবে। জেলা ক্রীড়া সংস্থার সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, জেলা ক্রীড়া অফিসার, স্কুলের প্রধান শিক্ষক সহ স্থানীয় প্রশিক্ষকগণের সক্রিয় সহযোগিতায় বিকেএসপির প্রশিক্ষকগণ মেধাবী খেলোয়াড় বাছাই কার্যক্রম পরিচালনা করবেন। আগামী ০২ মার্চ ২০২২ খ্রি: তারিখ মুয়াম্মিনহ জেলা ক্রীড়া সংস্থার স্টেডিয়ামে/ বিকেএসপি আঞ্চলিক প্রশিক্ষণ কেন্দ্রে এই বাছাই প্রক্রিয়া অনুষ্ঠিত হবে।

আপনার জেলার বিভিন্ন স্কুল/মাদ্রাসা ও ক্লাব সহ সংশ্লিষ্ট এলাকা বা প্রতিষ্ঠানের প্রতিভাবান খেলোয়াড়দের উল্লেখিত তারিখ ও স্থানে সকাল ৯.০০ টার উপস্থিতির ব্যবস্থা গ্রহণ করে বিকেএসপির ক্রীড়া মেধা বাছাই কর্মসূচীতে সহযোগিতা করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হল।

দেশের ক্রীড়ার মানোন্নয়নে আপনার সহযোগিতা একান্ত কাম্য।

কর্ণেল মিজানুর রহমান, পিএসসি
পরিচালক(প্রশিক্ষণ)
বিকেএসপি।

সংযুক্ত: জেলা পর্যায়ে খেলোয়াড় বাছাই কর্মসূচী